



Embassy of the People's Republic of Bangladesh
3510 International Drive, NW
Washington, D.C.
www.bdembassyusa.org



সংবাদ বিজ্ঞপ্তি

সরকারি উদ্যোগে ২য় বিশেষ বিমানযোগে দেশে ফিরছেন মার্কিন
যুক্তরাষ্ট্রে
আটকে পড়া বাংলাদেশী নাগরিকরা

ওয়াশিংটন ডি.সি., ০৪ জুন ২০২০:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় কোভিড-১৯ জনিত উদ্ভূত পরিস্থিতিতে মার্কিন যুক্তরাষ্ট্রে আটকে পড়া বাংলাদেশী নাগরিকদের দেশে প্রত্যাবর্তনের জন্য ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস এবং নিউইয়র্ক ও লসএঞ্জেলসস্থ বাংলাদেশ কনস্যুলেটের সাথে সমন্বয়পূর্বক কাতার এয়ারওয়েজের মাধ্যমে ২য় বিশেষ ফ্লাইট পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছে।

কাতার এয়ারওয়েজের বিশেষ ফ্লাইটটি কিউআর ৩৪৫৮(QR3458) ০৬ জুন ২০২০ তারিখ শনিবার নিউইয়র্ক জন এফ কেনেডি এয়ারপোর্ট হতে সকাল ৯:০০ ঘটিকায় দোহা হয়ে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের উদ্দেশ্যে নিউইয়র্ক ত্যাগ করবে এবং ০৭ জুন ২০২০ রবিবার বিকাল ৪:৪৫ ঘটিকায় কিউআর ৩৩৯০ (QR3390) ফ্লাইটটি দোহা হতে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণ করবে।

করোনভাইরাস (কোভিড-১৯) প্যানডেমিক সংক্রান্ত সকল স্বাস্থ্যবিধি অনুসরণ করে এ বিশেষ ফ্লাইটটি পরিচালিত হবে।

সংশ্লিষ্ট সকল যাত্রীকে নির্ধারিত যাত্রাকালীন সময়ের ৪ (চার) ঘন্টা পূর্বে নিউইয়র্ক জন এফ কেনেডি এয়ারপোর্ট এর বহির্গমন ৮নং টার্মিনালে চেক-ইন কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, যাত্রাকালীন সময়ের ১ (এক) ঘন্টা পূর্বে চেক-ইন কার্যক্রম কাউন্টার বন্ধ করা হবে।

রেজিস্ট্রেশন ও টিকেট সংক্রান্ত জিজ্ঞাসা ও সহযোগিতার জন্য সরাসরি Oryx Aviation Ltd.-এর <http://galaxyaviationbd.com/usacharter/>, 3 ইমেইল- usacharter@oryxaviation.com, ও হোয়াটস এ্যাপ ফোন নম্বরে +৮৮০১৭১৩০৯৪৬৬৪) যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।